

বিশ্বিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (১২ এপ্রিল ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: কাউখালী

তারিখ: ১২-০৪-২০২৬

গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ০৯.০৪.২০২৬ থেকে ১১.০৪.২০২৬ তারিখ পর্যন্ত

জেলা: রাঙ্গামাটি

বুলেটিন নম্বর: ১৩৯

পূর্বাভাসের সময়কাল	০৯-০৪-২০২৬	১০-০৪-২০২৬	১১-০৪-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	২-১২	০-৭	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩১	৩৩	৩২
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২০	২১	২১
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৭৫	৭৬	৭৭
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৬	২০	২৩
বাতাসের দিক	উত্তর- পশ্চিম	দক্ষিণ- পশ্চিম	দক্ষিণ- পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ১২.০৪.২০২৬ থেকে ১৫.০৪.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	১২-০৪-২০২৬	১৩-০৪-২০২৬	১৪-০৪-২০২৬	১৫-০৪-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০	০-১
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩৩	৩৪	৩৪	৩৩
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১৯	১৯	১৯	২০
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৭১	৭৭	৭৭	৭৬
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	২২	২২	২৫	২৮
বাতাসের দিক	দক্ষিণ- পশ্চিম	দক্ষিণ- পশ্চিম	দক্ষিণ- পশ্চিম	দক্ষিণ- পশ্চিম

Source: <https://usf.bmd.gov.bd/>

সময়কাল: ১২ এপ্রিল ২০২৬ – ১৫ এপ্রিল ২০২৬

কাজু বাদাম:

আগামী চারদিন বৃষ্টিপাতের সম্ভাবনা নাই এবং তাপমাত্রা বাড়তে থাকবে। বর্তমানে কাজু বাদাম গাছ কচি ফল পর্যায়ে আছে। কাজু বাদাম বাদাম গাছ যাতে বাতাসে হেলে না পড়ে সেজন্য প্রতিটি গাছে খুটির ব্যবস্থা করতে হবে। কাজু বাদাম গাছ নিয়মিত পর্যবেক্ষণ করুন, প্রয়োজনে সেচ প্রদান করুন। আগাছা পরিষ্কার করুন এবং বাগান পরিষ্কার রাখুন।

আম:

আগামী চারদিন বৃষ্টিপাতের সম্ভাবনা নাই এবং তাপমাত্রা বাড়তে থাকবে। আম এখন বাড়ন্ত পর্যায়ে রয়েছে। এসময়ে সন্ধ্যার পর বা রাতে আবহাওয়া যখন কিছুটা ঠান্ডা থাকবে তখন গাছের গোড়ার চারদিকে রিং করে সেচ এবং ফুট পাম্প দিয়ে গাছের পাতায় পানি স্প্রে করুন। গরমে দিনের বেলায় পানি সেচ দিলে ফল ঝরে যাওয়ার সম্ভাবনা বেড়ে যেতে পারে। রোগ এবং পোকামাকড় থেকে রক্ষা পেতে প্রকল্প থেকে সরবরাহকৃত ফুট ব্যাগ দিয়ে ফল ঢেকে দিন।